

প্রশ্ন- ৪ : ইবনে সামছ ৪নং দাবী করেছে- “মাযারবাসীর কাছে সাহায্য প্রার্থী হওয়া সর্বসম্মতিক্রমে শির্ক” । ইহা কতদূর সত্য?

ফতোয়া : তার দাবী নিতান্তই অমূলক । সে দলীল বিহীন শির্ক দাবী করেছে- এটা তার জঘন্য অপরাধ । কোন বিষয়ে শির্ক, হারাম, নাজায়েয- এমনকি মাক্‌রুহ দাবী করার জন্যও দলীল পেশ করা শর্ত । সে কিছুই করেনি । “মাযারবাসী” বলতে নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং অলীগণকেও বুঝায় । নবীজী এবং অলীগণের নিকট সাহায্য প্রার্থী হওয়ার অসংখ্য দলীল মউজুদ আছে । যেমন-

(ক) শেখ আবদুল হক মোহাদ্দেস দেহলভী (রহঃ) তাঁর জযবুল কুলুবে একটি ঘটনা বর্ণনা করেছেন । তা হলো- তিনজন বড় অলী-আল্লাহু মদিনা শরীফের রওয়া মোবারকে ক্ষুধার্ত অবস্থায় উপস্থিত হয়ে সালাম আরয করে বললেন- “ইয়া রাসুল্লাহ! আমরা তিনদিন যাবত বড় ক্ষুধার্ত । এক্ষণ আমরা আপনার মেহমান হলাম” । একথা বলেই তাঁরা অবশ দেহে ঘুমিয়ে পড়লেন । কিছুক্ষণ পর দেখা গেলো- হযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর খান্দানের জনৈক আহ্লে বাইত মাথায় করে রুটী ও গোশত নিয়ে হাযির । তিনি তিনজন অলীকে সজাগ করে বললেন- আপনারা কি হযুরের কাছে কিছু সাহায্য প্রার্থনা করেছিলেন? তাঁরা বললেন- হ্যাঁ । উক্ত সৈয়দ সাহেব বললেন- হযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বপ্নে আমাকে নির্দেশ করেছেন যেন তাড়াতাড়ি হযুরের পক্ষে আপনাদের মেহমানদারী করি” (জযবুল কুলুব) ।

-এবার ইবনে সামছ ইহার জবাব দিন । উক্ত অলীগণ কি সাহায্য চেয়ে কুফরী করেছেন এবং নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহায্য করে কি কুফরী সমর্থন করেছিলেন? নাউযুবিল্লাহ!

BANGLADESH
JUBOSENA